W.B. FORM No. 27

# FIRST INFORMATION REPORT

11719

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura ....Sub-Divn. Bishnupur ....P.S. Patrasayer ....Year 2024 ....FIR No. 69/24 ....Date 10/05/2024
2. (i) Act IPC .............Sections 498A/307/354/(ii)Act ............Sections ............
   (iii) Act x .............Sections ............ Other Acts & Sections 3/4 D.P. Act
3. (a) General Diary Reference : Entry No. 423 ............ Time 10.45 hrs
   (b) Occurrence of Offence : Day Since after marriage Date and 04/06/2019 Time at evening
   (c) Information Received Date On 10/05/2024 ............ Time 10.45 hrs
   G.D. No. 423 ............ At the Police Station:
4. Type of information : Written / Oral Court complaint case SL no 82/2024
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Gramboro (Dakshin Palaspai) P.S.
   (b) Address Patrasayer, Dist Bankura JL No 45 Area No 71
   Belut Rasulpur GP. 04 KM East from PS.
   (c) In case outside Limit of this Police Station, then the name of P.S. ............
   District ............
6. Complaint/Informant :
   (a) Name Mamoni Sarkar
   (b) Father's / Husband's Name Subhajit Sarkar
   (c) Date / Year of Birth 25 yrs
   (d) Nationality ~~Vill Gramb~~ Indian
   (e) Address Vill Gramboro (Dakshin Palaspai) PS. Patrasayer Dist Bankura. A/P Samsar PS Indas. Dist Bankura
7. Details of know / Suspected / Unknown / Accused with Full particulars.
   (Attach separate sheet, if necessary) (1) Subhajit Sarkar (36 yrs) S/o Paresh Sarkar of Gramboro (Dakshin Palaspai) PS. Patrasayer Dist Bankura A/P S/o Prosenjit Ghosh of Vill Gangara PO Ranabandh PS Chapra Nadia
8. Reasons for delay in reporting by complaint / informant ............
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) ............
10. Total value of Properties stolen / Involved : x
11. Inquest report / U.D. : Case No., if any : x
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written complaint of the Complainant which is treated as FIR is reproduced below.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 498A/307/354/323 IPC 4 3/4 D.P. Act
   ............
   ............
   I.C. Souman Bhattacharyya O/C Patrasayer P.S.
   registered the case and ~~took up the investigation~~ / directed SI Shib Narayan Singh.
   ............ to take up the investigation
   transferred to P.S. ............ on point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Is available on the original written complaint
Signature / ~~Thumb Impression~~
of the Complainant / ~~Informant~~

Souman Bhattacharyya 10/5/2
Signature of the officer-in-charge, Police Station with
Name : Souman Bhattacharyya
Rank SI of Police O/C Patrasayer PS
Number if any : Dist Bankura
Officer-in-Charge
Patrasayer P. S.
Bankura

In the Court of the Ld. Addl. Chief Judicial Magistrate
Bishnupur, Dist. - Bankura

**Case No. - 82/24**

**বাদীঃ-**

**মামনি সরকার**

Officer-in-Charge
Patrasayer P. S.
Bankura

বয়স - ২৫ বৎসর

স্বামী - শুভজিৎ সরকার

সাং - গ্রামবেরা (দক্ষিণ পতাসপুর), থানা - পাত্রসায়ের, জেলা - বাঁকুড়া

হাল সাং - সোমসার, পোঃ - সোমসার, থানা - ইন্দাস, জেলা - বাঁকুড়া

**আসামীঃ-**

**শুভজিৎ সরকার**

বয়স - ৩৬ বৎসর

পিতা - পরেশ সরকার

সাং - গ্রামবেরা (দক্ষিণ পতাসপুর), থানা - পাত্রসায়ের, জেলা - বাঁকুড়া

হাল সাং - C/o. প্রসেনজিৎ ঘোষ

সাং - গঙ্গরা, রানাবান্দা, পোঃ - রানাবান্দা, থানা - চাপড়া,

জেলা - নদিয়া, পিন - ৭৪১১২৩

**স্বাক্ষী / Witness**

১। **বাদী নিজে**

২। **রীনা নন্দী,** স্বামী - মহাদেব নন্দী

৩। **মহাদেব নন্দী**, পিতা - ঁনারান নন্দী

৪। **অশোক নন্দী**, পিতা - ঁনারান নন্দী

সর্ব্বসাং - সোমসার, পোঃ - সোমসার, থানা - ইন্দাস, জেলা - বাঁকুড়া

আরো সাক্ষী আছে, আবশ্যক হলে পরে নাম দিব।

পরপৃষ্ঠায় ২

FILED
25 APR 2024
Court of the Additional Chief Judicial Magistrate
BISHNUPUR



**ভারতীয় কার্যবিধি আইনে ১৫৬ (৩) ধারা মোতাবেক উপরোক্ত আসামীদের বিরুদ্ধে দরখাস্ত**

মহাত্মন,

উপরোক্ত বাদীর বিনীত নিবেদন এই যে উক্ত আসামী বাদীর স্বামী হইতেছে। উক্ত বাদীর সহিত গত ইংরাজীর ২৯/০১/২০১৫ তারিখে বাদীর পিত্রালয়ে আসামী অর্থাৎ পরেশ সরকার মহাশয়ের পুত্র শুভজিৎ সরকার -এর হিন্দু শাস্ত্র ও প্রথা রীতিনীতি অনুসারে বাদীর ও আসামীর পরিবার আত্মীয় স্বজনের উপস্থিতিতে বিবাহ অনুষ্ঠান কার্য্য সুসম্পন্ন হয়।

বিয়েতে বাদীর দাবী মতো দরখাস্তকারিনীর পিতা খুবই কষ্ট করে নগদ ৩০,০০০/- টাকা ও রূপশ্রী প্রকল্প থেকে প্রাপ্ত আসামী ২৫,০০০/- টাকা, ২ ভরি সোনার গহনা চেন, ১টি আলমারী, কানের দুল, সোনার পলা বাঁধানো, প্রতিপক্ষের সোনার আংটি, ১৬টি দানসামগ্রী দিয়ে থাকে। উক্ত বিবাহের পর বাদী ও আসামী স্বামী স্ত্রী স্বরূপে আসামীর গৃহে বসবাস করিতে থাকে। বিবাহের পর হইতেই আসামী ও তার পরিবারের লোকজন বাদীর উপর শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করত।

বিবাহের সময় আসামী ও তার পরিবারের লোকজন বাদীর পিতার নিকট ১,০০,০০০/- টাকা, আসামীর জন্য ১টি সোনার হার, ১টি মোটর সাইকেলের দাবী করেছিল। কিন্তু বাদীর পিতা অত্যন্ত গরীব হওয়ায় উক্ত টাকা, গহনা ও মোটর সাইকেল বাদীর পিতা আসামীকে দিতে পারেনি। সেকারণে বিবাহের পর থেকেই আসামী ও তার পরিবারের লোকজন বাদীকে উঠতে বসতে কথা শোনতো এবং সময়ে খাবার দিত না। দিনরাত গাধার মতো খাটার পর বাদী খাবার চাইতে গেলে আসামী ও তার পরিবারের লোকজন বাদীর চুলের মুঠি ধরে বাদীকে শারীরিকভাবে নির্যাতন করত। বাদীকে তার বাপের বাড়ির লোকজনদের সাথে ফোনে কথা বলতে দিত না ও বাপের বাড়িতেও যেতে দিত না। আসামী রাত্রে মদ খেয়ে বাড়ি ফিরলে বাদীর শ্বাশুড়ি আসামীকে বাদীর বিরুদ্ধে উসকানি দিলে আসামী বাদীকে বেল্ট দিয়ে শারীরিকভাবে অসহ্য নির্যাতন করত। এর ফলে বাদী শরীর থেকে রক্ত বেরোতো। কিন্তু তাও বাদী একটু স্বামী সুখের আশায় এই প্রচন্ড অত্যাচার সহ্য করেও শ্বশুর বাড়িতে স্বামীর সহিত সংসার করত।

পরপৃষ্ঠায় ৩

Court of the Additional Chief Judicial Magistrate
FILED
2 - APR 2024
BISHNUPUR



বাদী শ্বশুর বাড়িতে স্বামী স্ত্রী রূপে একত্রে বসবাস করাকালীন আসামীর ঔরষে বাদীর গর্ভে একটি পুত্র সন্তান জন্মগ্রহণ করে। যাহার নাম সৌমদীপ সরকার (বয়স ৭ বৎসর)।

গত ইং - ২৬/০৮/২০২০ তারিখে বাদীর পিতার মৃত্যু সংবার পাওয়ার পর বাদী তার পিত্রালয়ে আসতে চাইলে আসামী ও আসামী মা বাদীকে তার পিত্রালয়ে আসতে বাধা দিলে বাদী কান্নাকাটি করলে আসামী ও তার পরিবারের লোকজন বাদীকে প্রচন্ড মারধোর করে এক বস্ত্রে তার নাবালক পুত্র সন্তানসহ আসামীর বাড়ি থেকে তাড়িয়ে দেয়। তৎপর হইতে বাধ্য হইয়া বাদী তার নাবালক পুত্রসন্তানসহ তাহার পিত্রালয়ে বসবাস করিতেছে।

এরপর বহুবার বাদী আসামী সাথে যোগাযোগ করেছে। কিন্তু আসামী ও তার পরিবারের লোকজন কোনরূপ কর্ণপাত করেননি। এমতাবস্থায় গত ইং - ০৪/০৪/২০২৪ তারিখে সন্ধ্যার সময় আসামী এক গাড়ি লোকজন নিয়ে এসে বাদীকে জোর জবরদস্তি বলে 'তোকে ডিভোর্স দিতে হবে' তাতে বাদী রাজি না হওয়ায় আসামী বাদীর গলায় গামছা পেঁচিয়ে শ্বাসরোধ করে প্রাণে শেষ করে ফেলার চেষ্টা করলে বাদীর কাকা বাঁচাতে এলে আসামী ও তার লোকজন কাকাকেও মারধোর করে এবং বাদীর মায়ের পরনের শাড়ি খুলে দিয়ে শ্লীলতাহানী করে এবং বলে 'আমি আবার বিবাহ করিয়াছি, তুই ডিভোর্স না দিলে আমি ওকে ঘরে ঢোকাতে পারছি না'।

উক্ত ঘটনার সকল বিষয় বাদী ইং - ০৮/০৪/২০২৪ তারিখে Registry Post with A/D এর মাধ্যমে ঘটনার সকল বিষয় লিখিত করিয়া মাননীয় OC, Indas ও মাননীয় Superintendent of Police, Bankura (SP) মহাশয়দ্বয়কে প্রেরণ করা হইলেও তাহারা অদ্যবধি কোনো কিছু না করায় বাদী উপরোক্ত কারণে অত্র নালিশ মহামান্য আদালতে স্থাপনে অনিচ্ছাকৃত কিছু বিলম্ব হইল।

ফৌজদারী কার্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে অত্র নালিশ ইন্দাস থানায় প্রেরণ পূর্ব্বক F.I.R. স্বরূপে Treat করিবার ও তদন্ত করিবার প্রয়োজনীয় আদেশ হওয়া একান্ত আবশ্যক।

বাদী দোষী ব্যক্তিগণের উচিত শাস্তির দাবি রাখেন।

## -ঃ প্রার্থনা ঃ-

উপরোক্ত বিবরণ মূলে অত্র নালিশ ফৌজদারী কার্য্য বিধির আইনের ১৫৬ (৩) ধারা তে ইন্দাস থানায় প্রেরণ পূর্ব্বক F.I.R. স্বরূপে Treat করিয়া তদন্ত করিবার প্রয়োজনীয় আদেশাদি প্রদানে ও সু-বিচারে আপনার মর্জ্জি হয়।

তারিখ -